


## NOTE SHEET

39/SMC/18

28-5-2018

Enclosed is the news clipping of 'Anandabazar Patrika' a Bengali daily, dated 26<sup>th</sup> May, 2018, the news item is captioned "বায়তীন স্টেশনে পড়ে বৃদ্ধা"

Superintendent of Police, Baruipur Police District is directed to submit a detailed report about the incident within 27<sup>th</sup> June, 2018.



( Justice Girish Chandra Gupta )  
Chairperson

# বাঘাযতীন স্টেশনে পড়ে বৃদ্ধা

নিজস্ব সংবাদদাতা

বৃদ্ধা মাকে স্টেশনে ফেলে রেখে চলে যাওয়ার অভিযোগ উঠল তাঁরই নিজের ছেলের বিরুদ্ধে।

ঘটনা শুক্রবার সন্ধ্যার। দক্ষিণ কলকাতার বাঘাযতীন স্টেশনে বছর সত্তরের বৃদ্ধা সুনীতি হালদারকে দীর্ঘ ক্ষণ বসে থাকতে দেখেন স্থানীয় লোকজন। বৃদ্ধা সমানে কাঁদছিলেন। আশপাশের লোকজন তাঁকে প্রথমে খাবার দেন, তার পর জিজ্ঞেস করেন তাঁর বাড়ি কোথায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃদ্ধার কথাবার্তা কিছুটা অসংলগ্ন। তিনি জানিয়েছেন, সোনারপুরে মেয়ের বাড়িতে থাকেন। ছেলের সঙ্গে তাঁর সম্পর্ক ভাল নয়। এ দিন সন্ধ্যায় তাঁর ছেলেই তাঁকে সোনারপুর থেকে বাঘাযতীন স্টেশনে নিয়ে গিয়ে সেখানে বসিয়ে রেখে পালিয়ে যান বলে অভিযোগ করেছেন বৃদ্ধা। তার পর থেকে বৃদ্ধার ছেলের আর কোনও খোঁজ নেই। এলাকার এক যুবকের বিরুদ্ধেও একগুচ্ছ অভিযোগ এনেছেন সুনীতি হালদার। বৃদ্ধার দাবি, ওই যুবক নিয়মিত তাঁর উপর অত্যাচার করতেন। তাঁর আরও অভিযোগ, তাঁর বাড়ির দলিল জাল করেছেন ওই যুবক।

যাদবপুর জিআরপি খবর পেয়ে এসে বৃদ্ধাকে উদ্ধার করে রাতেই সোনারপুরে তাঁর মেয়ের বাড়িতে নিয়ে যায়। তবে ছেলের সঙ্গে বৃদ্ধার মনোমালিন্যের কারণ স্পষ্ট নয়। কেনই বা এ দিন সন্ধ্যায় তিনি মাকে স্টেশনে ফেলে রেখে পালালেন, তা নিয়েও ধোঁয়াশা রয়েছে।



■ স্টেশনে শুয়ে সুনীতি হালদার।  
শুক্রবার। নিজস্ব চিত্র